

প্রধানমন্ত্রীর কাছে সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির স্মারকলিপি পেশ

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি 'বহিরাগত বেআইনি নেতৃত্ব' প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ ১৫ দফা দাবি জানিয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কার্যালয়ে স্মারকলিপি পেশ করেছে। গতকাল জাতীয় প্রেসক্লাবে সমাবেশ শেষে তারা স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপিতে বলা হয়, শিক্ষার উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গৃহীত হলেও দীর্ঘ ২৮ বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ভোগ্যের কোন পরিবর্তন হয়নি। সরকারি কর্মচারীদের সংগঠনে বহিরাগতদের সম্পৃক্ততা আইনগতভাবে নিষিদ্ধ হলেও কিছু বহিরাগত এখনও সরকারি প্রাথমিক শিক্ষকদের মাঝে বেআইনিভাবে সংগঠন পরিচালনা করে আসছে। এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ শিক্ষক ও শ্রেণীকক্ষের সংখ্যা বৃদ্ধি, অভিন্ন প্রাথমিক শিক্ষা ব্যবস্থা, শিক্ষকদের সম্মানজনক বেতন ক্ষেত্র, দ্বিতীয় শ্রেণীর কর্মচারীর মর্যাদা প্রদান ও বৈধ সংগঠনের প্রতিনিধিদের দ্বারা সরকারি প্রাথমিক বিদ্যালয় কল্যাণ ট্রাস্ট পরিচালনার দাবি জানানো হয়। জাতীয় প্রেসক্লাব থেকে স্মারকলিপি প্রদানের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী মিছিলটিতে পুলিশ শাহবাগ শিওপার্কের সামনে বাধা দেয়। সেখান থেকে সংগঠনের সভাপতি আবদুল আউয়াল তালুকদারের নেতৃত্বে ৪ সদস্যের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে স্মারকলিপি পেশ করে।